



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২২.০৯.২০২২

সাফ চ্যাম্পিয়নশিপ অর্জনে বাংলাদেশ নারী ফুটবল দলকে অভিনন্দন



গত ১৯ সেপ্টেম্বর ২০২২ নেপালের রাজধানী কাঠমাণ্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে বাংলাদেশ ও স্বাগতিক নেপালের মধ্যকার চূড়ান্ত প্রতিযোগিতায় ৩-১ গোলে বিজয়ের মধ্য দিয়ে প্রথমবারের মতো বাংলাদেশ নারী ফুটবল দল মর্যাদাপূর্ণ সাফ চ্যাম্পিয়নশিপ ট্রফি অর্জন করে। এ জয় গোটা বাংলাদেশের এবং নারী-পুরুষ নির্বিশেষ বাংলাদেশের আপামর জনগণের। একই সঙ্গে এ জয় বাংলাদেশে ক্রমবর্ধমান এবং টেকসই নারীর ক্ষমতায়নেরই প্রতিফলন। ক্রীড়াবান্ধব বর্তমান সরকার এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিয়মিত প্রণোদনা ও পৃষ্ঠপোষকতার মধ্য দিয়ে ক্রীড়াক্ষেত্রে বাংলাদেশ আন্তর্জাতিক অঙ্গনে এখন এক গর্বিত নাম। বাংলাদেশ নারী ফুটবল দলের এ অভূতপূর্ব অর্জন ভবিষ্যতে ক্রীড়াবিশ্বে সাফল্যের আরও নতুন নতুন পালক যুক্ত করবে নিঃসন্দেহে।

সাফ চ্যাম্পিয়নশিপ অর্জনে বাংলাদেশ নারী ফুটবল দলকে বাংলা একাডেমির পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছি।

মুহম্মদ নূরুল হুদা

মহাপরিচালক